নির্বাচন কমিশন অফিস
রাকসু নির্বাচন ২০২৫
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ফোন:+০২৫৮৮৮৬৫০৭৪

Election Commission Office
RUCSU Election 2025
University of Rajshahi
Phone:+02588865074

তারিখ: ০২.০৯.২০২

# জরুরী বিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষার্থীদের দাবী ও পরামর্শের ভিত্তিতে রাজশাহী বিশ্ববিদ্যালয় **রাকসু, হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫** অধিকতর অংশগ্রহণমূলক ও উৎসবমুখর করার নিমিত্তে **২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করার বিষয়ে রাকসু নির্বাচন কমিশন ২০২৫-এর সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।** সিদ্ধান্ত বাস্তবায়ন ও সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণ নিশ্চিত করার সুবিধার্থে নির্বাচনী তফসিল নিম্নোক্তভাবে পুনর্বিন্যাস করা হলো।

| বিবরণ | তারিখ | বার |
|---|---|---|
| আচরণবিধি প্রকাশ | ৩১.০৭.২০২৫ | বৃহস্পতিবার |
| খসড়া ভোটার তালিকা প্রকাশ | ০৬.০৮.২০২৫ | বুধবার |
| ভোটার তালিকায় আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি | ১৭.০৮.২০২৫ | রবিবার (বিকেল ৪টা) |
| চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ১৯.০৮.২০২৫ | মঙ্গলবার |
| মনোয়নপত্র বিতরণ | ২৪.০৮.২০২৫ - ২৮.০৮.২০২৫ ও ৩১.০৮.২০২৫ - ০৩.০৯.২০২৫ | রবিবার - বৃহস্পতিবার ও রবিবার - বুধবার (সকাল ১০টা - বিকেল ৫টা) |
| মনোনয়নপত্র দাখিল | ০৪.০৯.২০২৫ ও ০৭.০৯.২০২৫ | বৃহস্পতিবার ও রবিবার (সকাল ৯টা - বিকেল ৫টা) |
| মনোনয়নপত্র বাছাই | ০৮.০৯.২০২৫ - ০৯.০৯.২০২৫ | সোমবার - মঙ্গলবার |
| প্রার্থীদের প্রাথমিক তালিকা প্রকাশ | ১০.০৯.২০২৫ | বুধবার |
| প্রাথমিক তালিকা সম্পর্কে প্রার্থীদের আপত্তি গ্রহণ ও নিষ্পত্তি | ১১.০৯.২০২৫ | বৃহস্পতিবার (সকাল ৯টা - বিকেল ৫টা) |
| মনোনয়নপত্র প্রত্যাহার | ১৩.০৯.২০২৫ | শনিবার (সকাল ৯টা - বিকেল ৫টা) |
| প্রার্থীদের চূড়ান্ত তালিকা প্রকাশ | ১৪.০৯.২০২৫ | রবিবার |
| ভোটগ্রহণ (একাডেমিক ভবনে) | ২৫.০৯.২০২৫ | বৃহস্পতিবার (সকাল ৯টা থেকে বিকেল ৪টা) |
| ভোট গণনা | ২৫.০৯.২০২৫ | বৃহস্পতিবার (ভোট গ্রহণ শেষে) |
| ফলাফল ঘোষণা | ২৫.০৯.২০২৫ | বৃহস্পতিবার (ভোট গণনা শেষে) |

০২/০৯/২৫

**প্রফেসর ড. এফ নজরুল ইসলাম**
প্রধান নির্বাচন কমিশনার
রাকসু, হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

নির্বাচন কমিশন অফিস
রাকসু নির্বাচন ২০২৫
রাজশাহী বিশ্ববিদ্যালয়

Election Commission Office
RUCSU Election 2025
University of Rajshahi

# রাকসু, হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫

রাজশাহী বিশ্ববিদ্যালয়

## বিজ্ঞপ্তি

রাকসু, হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫-এর তফসিল মোতাবেক অদ্য ০২.০৯.২০২৫ তারিখ মঙ্গলবার ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীসহ সর্বশেষ সংশোধিত ভোটার তালিকা প্রকাশ করা হলো। রাকসুর ওয়েবসাইট-এ (https//www.ru.ac.bd/rucsu/) এবং সংশ্লিষ্ট আবাসিক হলসমূহে নোটিশ বোর্ডে সংশোধিত ভোটার তালিকা পাওয়া যাবে। ভোটার তালিকায় কোনো ধরনের ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে নির্বাচন কমিশন তা সংশোধন করার অধিকার সংরক্ষণ করে।

০২.০৯.২৫

প্রফেসর ড. এফ নজরুল ইসলাম
প্রধান নির্বাচন কমিশনার
রাকসু, হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫
রাজশাহী বিশ্ববিদ্যালয়।

হটলাইন নম্বর: +০২৫৮৮৮৬৫০৭৪

নির্বাচন কমিশন অফিস
রাকসু নির্বাচন ২০২৫
রাজশাহী বিশ্ববিদ্যালয়
ফোন:+০২৫৮৮৮৬৫০৭৪

Election Commission Office
RUCSU Election 2025
University of Rajshahi
Phone:+02588865074

তারিখ: ০২.০৯.২০২৫

# ডোপ টেস্ট বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা রাকসু, হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫-এর প্রার্থীদের জানানো যাচ্ছে যে, যারা ০৩.০৯.২০২৫ তারিখ মনোনয়নপত্র উত্তোলন করতে ইচ্ছুক তারাসহ যারা এখন পর্যন্ত ডোপ টেস্ট-এ স্যাম্পল প্রদান করতে পারেনি, তাদের আগামী ০৩.০৯.২০২৫ তারিখ বুধবার সকাল ৮ টা থেকে বেলা ১১:৩০ টা পর্যন্ত স্ব স্ব পদের বিপরীতে টাকা জমাদানের ব্যাংক স্লিপ (স্লিপের পেছনে প্রার্থীর নাম, শিক্ষার্থী আইডি ও মোবাইল নম্বর লিখে দিতে হবে) প্রদর্শন করে ডোপ টেস্ট-এর নমুনা প্রদান করার জন্য জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, আগামীকাল ০৩.০৯.০২০২৫ তারিখ থেকে পর্যায়ক্রমে রাজশাহী বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টার থেকে ডোপ টেস্টের রিপোর্ট সংগ্রহ করা যাবে।

[দ্রষ্টব্য: ডোপ টেস্টের যাবতীয় খরচ নির্বাচন কমিশন বহন করবে।]

০২.০৯.২৫

প্রফেসর ড. এফ নজরুল ইসলাম
প্রধান নির্বাচন কমিশনার
রাকসু, হল সংসদ ও সিনেট-এ ছাত্র প্রতিনিধি নির্বাচন ২০২৫
রাজশাহী বিশ্ববিদ্যালয়